



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/অ/১৩৬/গোপাল/ ২৩১

তারিখ : ০৮/০২/২০২১

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ০১। প্রধান শিক্ষকের ০৮/১২/২০২০ তারিখের অন লাইনে প্রেরিত আবেদন।

০২। ঢাকা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তির স্মারক নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৫৩, তারিখ-১৯/০৩/২০২০

০৩। ঢাকা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তির স্মারক নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৬২, তারিখ-১০/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া উপজেলাধীন নিলফা বয়রা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি (০৭ ও ০৮ ধারা), মেয়াদ গত-২৫/০১/২০২১ তারিখে উত্তীর্ণ হয়েছে। মহামারী করোনা সংক্রমণের কারণে সূত্রোক্ত ০২ নং পত্রের নির্দেশনা মোতাবেক গত ১৯/০৩/২০২০ থেকে অদ্যবধি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগিত ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বন্ধ রয়েছে। অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সূত্রোক্ত ০৩ নং পত্রের নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা রয়েছে।

বিদ্যালয়টি উক্ত নির্দেশনা অমান্য করে ম্যানেজিং কমিটি (৭ ও ৮ ধারা) গঠনের লক্ষ্যে গত ০২/১২/২০২০ তারিখে সকল ক্যাটাগরির সদস্য নির্বাচন সম্পন্ন পূর্বক সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে ০৭/১২/২০২০ তারিখে প্রথম সভা আহবান করে।

উল্লেখ্য যে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটি সূত্রোক্ত ০২ ও ০৩ নং পত্রের নির্দেশনা অমান্য করে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ১২(৩), ১২(৪), ১২(৬) এবং ১৪ অনুসরণ না করে ম্যানেজিং কমিটি গঠন পূর্বক অনুমোদনের লক্ষ্যে বোর্ডে আবেদন করেছেন যাহা প্রবিধানমালা ২০০৯ এর লঙ্ঘনের শামিল।

সূত্রোক্ত ০২ ও ০৩ নং পত্রের নির্দেশ এবং প্রবিধানমালা ২০০৯ অমান্য করে বিধিবিহীন ভাবে ম্যানেজিং কমিটি (৭ ও ৮ ধারা) গঠন করায় কেন প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারন দর্শানো হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

উপ-বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

নিলফা বয়রা উচ্চ বিদ্যালয়

পোঃ- নিলফা বয়রা, উপজেলা- টুংগীপাড়া

জেলা- গোপালগঞ্জ।

মেমো নং- ২৩১(৫)

তারিখ : ০৮/০২/২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, টুংগীপাড়া, গোপালগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুংগীপাড়া, গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।

উপ-বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

০৮/০২/২০২১